

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৮১

কমলপুর, ২২ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
কমলপুরে ২ দিনব্যাপী শিবিরের উদ্বোধন

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ কমলপুরের কৃষ্ণচন্দ্র দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে ২ দিনব্যাপী শিবিরের উদ্বোধন হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। শিবিরের উদ্বোধন করে বিধায়ক শ্রীদেব বলেন, এখন মানুষকে সরকারের কাছে যেতে হয় না। বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা সরকারই মানুষের কাছে পৌঁছে দিচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার, মহকুমা শাসক এল দার্লং প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা। ২ দিনব্যাপী শিবিরে কৃষ্ণচন্দ্র দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে বিভিন্ন দপ্তর থেকে স্টল খোলা হয়েছে। শিবিরে আজ ২ জন দিব্যাঙ্গ শিশুকে চলন সামগ্রী, শহুরি জীবিকা মিশনে ২টি মহিলা স্বসহায়ক দলকে যথাক্রমে ৩ লক্ষ ও ১ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে। শিবিরে কমলপুর নগর পঞ্চায়েত থেকে ২ জনকে ট্রেড লাইসেন্সও দেওয়া হয়।
